# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

(১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন যে- জনসচেতনতা কার্যসূচী সাধারণ লোকেদের সরকারের জনকল্যাণকারী প্রকল্পগুলির সুবিধা সমূহের সমীক্ষা করার ক্ষেত্রে সহায়ক/

(২)৭৪ তম আসাম পুলিশ দিবসে আজ রাজ্যের ১১৩ জন পুলিশ আধিকারিক-কর্মচারীকে বিশেষ সম্মানজনক পদক প্রদান/

(৩) আজ হাইলাকান্দি জেলা প্রতিষ্ঠা দিবস

এবং

(৪) আগামীকাল মহালয়া/ দেবীপক্ষের শুরু/

-----------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ ইটানগর ও নামসাইয়ে জনসম্পর্করক্ষা কার্যসূচীতে অংশগ্রহণ করেন । পৃথকভাবে আয়োজিত দুটি অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু ,উপ-মুখ্যমন্ত্রী সাইনা মেইন এবং কেন্দ্রীয় তথা রাজ্যসরকারের শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে অংশগ্রহণ করে শ্রীমতি সীতারমণ নামসাইয়ের উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করে উচ্চাকাঙ্খী জেলা কার্যসূচীর অধীনে এর সম্ভাবনাগুলি বিকশিত করে তোলার আহ্বান জানান ।রাজ্যে আর্থিক অর্ন্তভুক্তি সর্বাত্মক

ও ত্বরান্বিত করার জন্য বহনক্ষম উন্নয়ন দ্রুত করার জন্য এই কার্যসূচী গ্রহণ করা হয়েছিলো । এদিকে শ্রীমতি সীতারমণ  ইটানগরে আজ ঋণ প্রদান সম্পর্কীত এক সচেতনতা কার্যসূচীতে অংশগ্রহণ করে বেশকিছুসংখ্যক সরকারী প্রকল্পের হিতাধিকারীদের সম্বোধন করে বলেন যে বর্তমান সময়ে দরিদ্র ও ক্ষুদ্র ব্যাবসায়ীদের ঋণ লাভ করার বিষয়টি খুব সহজ হয়েছে । তিনি জন-ধন-যোজনার জন্য এটি সম্ভব হয়েছে বলে উল্লেখ করেন । তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্যাঙ্ক থেকে কোনো ধরণের বন্ধক না হওয়া এবং নথি পত্রের দীর্ঘ প্রক্রিয়া না থাকা জনসাধারণকে ঋণ প্রদান করা নিশ্চিত করেছেন । তিনি আরো বলেন যে ঋণ প্রদান সম্পর্কে আয়োজন করা জনসচেতনতা কার্যসূচী সাধারণ লোকেদের সরকারের জনকল্যাণকারী প্রকল্পগুলির সুবিধাসমূহের সমীক্ষা করার ক্ষেত্রে সহায়তা করে ।উল্লেখ্য  কেন্দ্রীয় অর্থমন্ত্রী গতকাল তিনদিনের সফরসূচীতে অরুণাচল প্রদেশ সফরে এসে অরুণাচলের রাজ্যপাল লেফটেনেন্ট জেনারেল কে টি পারনায়ককের সঙ্গে ইটানগরের রাজভবনে সাক্ষাৎ করেন । সাক্ষাৎকালে রাজ্যে আর্থিক সহায়তা প্রদান সম্পর্কে আলোচনা করা হয় ।

---

আজ ৭৪তম আসাম পুলিশ দিবস । এই দিবস উপলক্ষে আসাম পুলিশের সঞ্চালক প্রধান জ্ঞানেন্দ্র প্রতাপ সিং রাজ্যের প্রত্যেক পুলিশ কর্মীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । একইসঙ্গে পুলিশের সঞ্চালক প্রধান আসাম পুলিশ সর্বদাই জনসাধারণের পাশে থেকে তাদের সহায়তা করে যাবে বলে মন্তব্য করেছেন ।

১৯৫১ সালের পয়লা অক্টোবর ভারতীয় পুলিশ আধিকারিক কে আর চৌধুরী প্রথম ভারতীয় আধিকারিক হিসেবে ব্রিটিশ পুলিশ আধিকারিক জে এইচ রীডের কাছ থেকে আনুষ্ঠানিকভাবে আসাম পুলিশের মুখ্য আধিকারিকের কার্যভার গ্রহণ করেন । ঐদিনে আসাম পুলিশ প্রধানের দায়িত্ব গ্রহণ করা আই পি এস আধিকারিক কে আর চৌধুরীর স্মরণে সেইসময় থেকে এপর্যন্ত আজকের দিনটিকে আসাম পুলিশ দিবস হিসেবে পালন করা হচ্ছে। এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের ১১৩ জন পুলিশ আধিকারিক-কর্মচারীকে ২০২৪ সালের পুলিশ সঞ্চালক প্রধানের প্রশংসাসূচক পদক প্রদান করা হয় । এরমধ্যে এগারো জনকে সোনা, ১০২ জনকে রূপোর পদক দেওয়া হয়েছে ।

আসাম পুলিশ দিবস উপলক্ষে রাজ্যের বিভিন্ন প্রান্তে বিশেষ অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে । বরাক উপত্যকায়ও যথাযোগ্য মর্যাদায় এই দিবস পালন করা হয়েছে ।

---

সুপ্রীমকোর্ট শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে দেশের বিভিন্ন প্রান্তে বাড়িঘর বিনষ্ট করা সংক্রান্ত পদক্ষেপের বিরুদ্ধে দাখিল করা আবেদন সম্পর্কে তাঁর রায় সংরক্ষিত রেখেছে । বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বিচারপীঠ বলেছে যে- কোনো ব্যক্তি অভিযুক্ত অথবা অপরাধী হলেই তার বাড়িঘর ধ্বংস করা যায়না । এইধরণের পদক্ষেপকে বুলডোজার জাস্টিস বলে আখ্যা দিয়ে এই ব্যবস্থা সম্পর্কে উভয় পক্ষের শুনানি গ্রহণ করে বিচারপীঠ বলেছে যে- কর্তৃত্ববিহীন জমি অথবা সরকারি স্থানে করে রাখা দখল উচ্ছেদ করা যাবে । তবে কোনো অভিযুক্তের বাসগৃহ ধংস করা যাবেনা । বিচারপীঠ একইসঙ্গে এইক্ষেত্রে সব সম্প্রদায় নির্বিশেষে প্রযোজ্য হওয়ার মতো করে নির্দেশনা জারি করবে বলে প্রকাশ করেছে । উল্লেখ্য- এর আগে আদালতের আগাম অনুমতি ছাড়া কোনোধরণের নির্মাণ বা বাড়িঘর ভেঙে ফেলা উচিত নয় বলে গত ১৭ই সেপ্টেম্বর সুপ্রীম কোর্ট অন্তর্বর্তীকালীন আদেশ জারি করেছিল । এদিকে কর্তৃত্বহীন নির্মাণের ক্ষেত্রে নির্দিষ্ট সম্পত্তি তৎক্ষণাৎ ধ্বংস না করে কমপক্ষে ১০-১৫ দিন সময় দেওয়ার কথা বিবেচনা করা হয়েছে । সুপ্রীম কোর্ট এধরণের নির্মাণ কার্য বা বাসগৃহ ভেঙে ফেলার জন্য বিজ্ঞপ্তি দেওয়ার তথ্য রাখার জন্য একটি অনলাইন পোর্টাল খোলার উপর গুরুত্ব আরোপ করেছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের অর্থের বিনিময়ে চাকুরী নেওয়ার মামলার অভিযোগনামায় নতুন করে নাম সন্নিবিষ্ট হওয়া ১০ জন গ্যাজেটেড আধিকারিক আজ বিশেষ বিচারপতির আদালতে হাজির হন । আদালত সব দিক পর্যবেক্ষণ করে সবার জামিন মঞ্জুর করে ।এদিকে অভিযোগনামায় নাম থাকা অন্য ৭ জন আধিকারিক পরবর্তী শুনানীতে হাজির হবার জন্য আদালতে আবেদন দাখিল করেন । ৮ অক্টোবর মামলার পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আজ জেলা প্রশাসনের উদ্যোগে জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে ড্রইং ,পেইন্টিং সহ রচনা প্রতিযোগীতার আয়োজন করা হয় । এছাড়া আজ সকাল ১১ টায় কাটলীছড়ার একটি বৃদ্ধাবাসে প্রবীণ নাগরিকদের স্বাস্থ্য পরীক্ষা শিবিরে ৪২ জন প্রবীণ নাগরিকের স্বাস্থ্য পরীক্ষা করে ওষুধপত্র প্রদান করা হয় এবং ফলমূল বিতরণ করা হয় ।। পাশপাশি হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালে রক্তদান শিবিরের আয়োজন করা হয় । পুর এলাকায় দেয়াল অঙ্কন কার্যসূচী এবং জেলার বিভিন্ন পূর্ত সড়কের পাশে বৃক্ষ রোপণ করা হয় । এছাড়া শহরে একটি শোভাযাত্রাও বের করা হয় এবং বিকেল চারটায় নেতাজী সুভাষ চন্দ্র বসু

স্টেডিয়ামে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয় । সন্ধ্যা পাঁচটায় সব সরকারি ভবনে আলোক সজ্জা করা হয় । উল্লেখ্য ১৯৮৯ সালের পয়লা অক্টোবর সরকারি নির্দেশে হাইলাকান্দি মহকুমা জেলায় উন্নীত হয় ।

---------------------------------------------------------------------------------------

আগামীকাল মহালয়া । দেবীপক্ষের শুরু । পিতৃপক্ষের সমাপ্তি। শারদীয় দুর্গোৎসবের আগমনী সংবাদ বাঙালির ঘরে ঘরে পৌঁছে দিতে প্রতিবছরের মতো এবারও আকাশবাণী শিলচর কেন্দ্র থেকে আগামীকাল ভোর তিনটা ৫৮ মিনিটে প্রচারিত হবে মহালয়ার বিশেষ অনুষ্ঠান মহিষাসুর মর্দিনী ।

মহালয়ার পুণ্য প্রভাতে পিতৃপক্ষের শেষ দিনে আগামীকাল ভোরে বিভিন্ন নদী জলাশয়, দিঘি, পুকুর ইত্যাদিতে নেমে পুণ্যার্থীরা নিজেদের পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করবেন । দেবীর আগমনের এই বিশেষ দিনটিকে কেন্দ্র করে সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও জনসাধারণের মধ্যে উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে । এদিকে উপত্যকার তিন জেলার সর্বত্র আসন্ন শারদীয় দুর্গোৎসবকে ঘিরে আয়োজন ক্রমে জোরদার হচ্ছে। শহর গ্রাম সর্বত্র বিভিন্ন ক্লাব, বারোয়ারি পুজো কমিটি, বাড়ির পুজো, সবখানেই মন্ডপসজ্জা, প্রতিমা নির্মাণ, আলোকসজ্জা ইত্যাদির জন্যে পূর্ণোদ্যমে তোড়জোর শুরু হয়ে গেছে । মহালয়া উপলক্ষে বেশকয়েকটি স্থানে বিশেষ অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব প্রবীণ নাগরিক দিবস । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের বিভিন্ন স্থানে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়। বরাক উপত্যকার তিন জেলায়ও এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে নানা কার্যসূচীর আয়োজন করা হয় । এরই অঙ্গ হিসেবে এই বিশেষ দিনটিতে প্রবীণ নাগরিকদের শুভেচ্ছা জ্ঞাপন করা হয় । এছাড়া বিভিন্ন সংস্থা সংগঠনের উদ্যোগে প্রবীণ নাগরিকদের সঙ্গে মত বিনিময় করা সহ তাঁদের সম্বর্ধনাও জানানো হয় ।

---------------------------------------------------------------------------------------

লক্ষীপুরের প্রবীন নাগরিক সংস্থার উদ্যোগে আজ লক্ষ্মীপুরের খরিরোল কমিউনিটি হলে আর্ন্তজাতিক প্রবীন নাগরিক দিবস পালন করা হয়েছে । সংস্থার সহ-সভাপতি অধ্যাপক জি নরহরি শর্মা পতাকা উত্তোলন করে কার্য্যসূচীর সূচনা করেন । এরপর প্রবীন নাগরিক দিবসে প্রবীন নাগরিকদের বিভিন্ন সমস্যা নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং প্রবীন নাগরিক টি এইচ ধীরেন্দ্র সিংহ , এ কুলচন্দ্র সিংহ , এ নৃপেন্দ্র শর্মাকে সংবর্ধনা জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা বরিষ্ট নাগরিক সংস্থার উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক প্রবীণ নাগরিক দিবস পালন করা হয়েছে । জেলা শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষে আয়োজিত সভায় প্রবীণ নাগরিকদের বিভিন্ন সমস্যা সর্ম্পকে আলোচনা করা হয় । আজকের সভায় হাইলাকান্দি জেলা থেকে সমাজের বিভিন্ন স্তরের তিনজনকে সংবর্ধনা জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------------------

রাজ্যের মহিলা ও শিশু কল্যান বিভাগের উদ্যোগে এবং কাছাড় জেলা প্রশাসনের সহযোগীতায় একশ দিনের মিশন শক্তি অভিযানের বিশেষ অভিযান আজ শেষ হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত খালেদা সুলতানা আহমেদের পৌরহিত্যে আয়িজিত সভায় মহিলাদের সবলিকরনে সরকারের গ্রহন করা বিভিন্ন প্রকল্প নিয়ে সহকারী আয়ুক্ত অঞ্জলী কুমারী , উধারবন্দের বিধায়কের প্রতিনিধি ধর্মদাস দেবরায় , উধারবন্দ খন্ড প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আধিকারীক বন্দনা ভট্টাচার্য্য প্রমুখ বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------------------

অসমীয়া ভাষাকে ধ্রুপদী ভাষার স্বীকৃতি দেওয়ার জন্য মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা প্রধানমন্ত্রী তথা কেন্দ্রীয় সরকারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে চলেছেন বলে আজ মূখ্যমন্ত্রী মাইক্রো ব্লগিং সাইট এক্সের মাধ্যমে জানিয়েছেন ।  প্রধানমন্ত্রী এই প্রস্তাব গভীরভাবে বিবেচনা করবেন বলেও মূখ্যমন্ত্রী শর্মা আশা প্রকাশ করেন ।

--------------------------------------------------------------------------------------------

এ আই ডি এস ওর পঞ্চম জেলা ছাত্র সম্মেলন আজ শিলচরের গান্ধীভবন প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয় । এ উপলক্ষ্যে ভারতের নবজাগরণ  ও স্বাধীনতা আন্দোলনের মনীষীদের প্রতিকৃতি ও শিক্ষার বেসরকারীকরণ ,শিক্ষা ব্যাবস্থাকে রক্ষা ইত্যাদি বিভিন্ন দাবীতে প্লেকার্ড হাতে এক মিছিল সেন্ট্রাল রোড ,নাহাটা পয়েন্ট ,জানিগঞ্জ ,কোর্ট কমপ্লেক্স ,দেবদূত পয়েন্ট হয়ে পুনরায় গান্ধীভবনে পৌছায় । সেখানে সংগঠনের পতাকা উত্তোলন করেন  এ আই ডি এস ওর রাজ্য সভাপতি প্রজ্জ্বোল দেব ।এরপর ছাত্র আন্দোলনের শহিদদের স্মরণে নির্মিত শহীদ বেদীতে মাল্যদান করেন এ আই ডি এস ওর আসাম রাজ্য কমিটির সম্পাদক হেমন্ত পেগু , শ্যামদেও কুর্মী  প্রমূখ । এরপর এক প্রকাশ্য সমাবেশে বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় আগষ্ট মাসের গন বন্টনের আটা বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে প্রতিটি প্রায়োরিটি হাউস হোল্ড কার্ড পিছু দুই কিলোগ্রাম ২৫৩ গ্রাম করে এই আটা বন্টন করা হবে ।

------------------------------------------------------------------------------------

পাণীভরা ক্লেভার হাউস আয়োজিত ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নতুন রামনগর এফ সি ৩-১ গোলে বেকিরপার দলকে পরাজিত করেছে ।  সেরা খেলোয়াড়ের হাতে পুরষ্কার তুলে দেন অবসরপ্রাপ্ত শিক্ষক  অমল কান্তি ভট্টাচার্য্য ।

------------------------------------------------------------------------------------